

الْمُهَيِّمِينَ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ৮ম নাম الْمُهَيِّمِينَ ‘আল মুহাইমিন’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْمُهَيِّمِينَ’ শব্দের মূল হা-মিম-নুন। এই মূল শব্দ থেকে যে সমস্ত শব্দ বের হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে ২ বার এসেছে। এবং الْمُهَيِّمِينَ শব্দের অর্থ: ডানা মেলে রক্ষা করা, যেমন- মুরগি তার ছানাকে ডানার ভিতর রেখে রক্ষা করে।

পবিত্র কুরআন মাজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيِّمِينَ ﴿٢٣﴾

সূরা আল হাশর ২৩ নং আয়াত -

তিনিই আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই, তিনিই সর্বভৌম সম্রাট, তিনি সব দ্রুটি থেকে পবিত্র। তিনি শান্তিদাতা, তিনি নিরাপত্তা দাতা, তিনি একমাত্র রক্ষক।

وَأَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتَابِ وَمُهَيِّمِنًا عَلَيْهِ ﴿٤٨﴾

সূরা মায়েরা ৪৮ নং আয়াত -

আমরা তোমার প্রতি সত্যসহ কিতাব (আল কোরআন) অবতীর্ণ করেছি, ইহার পূর্বে অবতীর্ণ কিতাবের প্রত্যয়নকারী ও সংরক্ষকরূপে।

বুখারী শরীফের হাদিস:

রাসূল সাল্লাল্লাহু আলাইহি সাল্লাম বলেছেন: মানুষের শরীরে এক খন্ড মাংসপিণ্ড রয়েছে, যদি সেটা পরিশোধিত হয়, তবে সমস্ত শরীর ভালো থাকে, আর যদি সেটি পঙ্কিলিত হয়ে যায়, তবে সমস্ত শরীর নষ্ট হয়ে যায়, আর সেটা হচ্ছে ‘হৃদয়’।

আসুন, আমরা আল্লাহ একমাত্র রক্ষক তাঁর কাছে আশ্রয় প্রার্থনা। আল্লাহ একমাত্র রক্ষক ছাড়া অন্য কাউকে রক্ষক মনে করলে এবং সাহায্য প্রার্থনা করলে আমরা শিরকের পাপে লিপ্ত হয়ে যাব। শিরকের পাপ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদেরকে সবসময় শিরিক মুক্ত রাখুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা।